

## ফের চালু হলো ত্রিভুবন আন্তর্জাতিক বিমানবন্দর

- A Monitor Desk Report

Date: 11 September, 2025



**ঢাকাঃ সরকারবিরোধী আন্দোলনের জেরে ২দিন বন্ধ থাকার পর নেপালের রাজধানী কাঠমান্ডুর ত্রিভুবন আন্তর্জাতিক বিমানবন্দর (টিআইএ) পুনরায় চালু হয়েছে।**

দেশটির প্রধান এই আন্তর্জাতিক বিমানবন্দর বুধবার (১০ সেপ্টেম্বর) চালু হয়েছে বলে জানিয়েছে নেপালের বেসামরিক উড়োজাহাজ চলাচল কর্তৃপক্ষ।

দেশটির সংবাদমাধ্যম এক প্রতিবেদনে বলেছে, কাঠমান্ডু উপত্যকায় জটিল পরিস্থিতির কারণে ২দিন বন্ধ থাকার পর ত্রিভুবন আন্তর্জাতিক বিমানবন্দর (টিআইএ) আনুষ্ঠানিকভাবে পুনরায় চালু হয়েছে।

গত সপ্তাহে নেপালের ক্ষমতাসীন সরকার ২৬টি সামাজিক যোগাযোগমাধ্যমের ওপর নিষেধাজ্ঞা আরোপ করে। সরকার নির্ধারিত সময়ে দেশটির কর্তৃপক্ষের কাছে নিবন্ধন করতে ব্যর্থ হওয়ায় এসব সামাজিক যোগাযোগমাধ্যম বন্ধ করে দেওয়ার সিদ্ধান্ত নেওয়া হয়। সরকারের এই সিদ্ধান্তের বিরুদ্ধে সোমবার (৮ সেপ্টেম্বর) নেপালে হাজার হাজার বিক্ষোভকারী আন্দোলন শুরু করেন।

সামাজিক যোগাযোগমাধ্যমে নিষেধাজ্ঞা প্রত্যাহার এবং দুর্নীতির বিরুদ্ধে ব্যবস্থা নেওয়ার দাবিতে শুরু হওয়া তরুণ প্রজন্মের এই আন্দোলন মুহূর্তের মধ্যে সরকারবিরোধী আন্দোলনে রূপ নেয়। দেশজুড়ে ব্যাপক সহিংসতার মাঝে দেশটির সংসদ ভবন, সুপ্রিম কোর্ট, প্রধানমন্ত্রী, প্রেসিডেন্টের বাসভবনে হামলা করেন বিক্ষোভকারীরা।

পরিস্থিতি ভয়াবহ আকার ধারণ করায় নেপালের প্রধানমন্ত্রী কেপি শর্মা অলি মঙ্গলবার প্রেসিডেন্ট রামচন্দ্র পাউডেলের কাছে পদত্যাগপত্র জমা দেন। পদত্যাগপত্রে তিনি লেখেন, সমস্যার সমাধান সহজতর এবং সাংবিধানিকভাবে রাজনৈতিক সমাধানের পথ সুগম করার জন্য পদত্যাগের সিদ্ধান্ত নিয়েছেন তিনি।

মঙ্গলবার (৯ সেপ্টেম্বর)সন্ধ্যায় নেপালে আন্দোলনকারীদের সহিংস বিক্ষোভের কারণে নিরাপত্তা পরিস্থিতি ব্যাপক অবনতি ঘটে। গোথাতারসহ বিভিন্ন এলাকায় অগ্নিসংযোগ ও ভাঙচুরের ঘটনা ঘটায় বিমানবন্দরের নিরাপত্তা নিয়ে শঙ্কা দেখা দেয়। পরে দেশটির সব বিমানবন্দর বন্ধ করে দেওয়া হয়। বন্ধ থাকাকালীন অতিরিক্ত নিরাপত্তা ব্যবস্থা হিসেবে বিমানবন্দরে সেনা মোতায়েন করা হয়।

এক বিবৃতিতে দেশটির বেসামরিক উড়োজাহাজ চলাচল কর্তৃপক্ষ বলেছে, মঙ্গলবার স্থগিত হয়ে যাওয়া অভ্যন্তরীণ ও আন্তর্জাতিক সব ফ্লাইট আজ থেকেই পুনরায় চালু হবে। তবে এই বিষয়ে বিস্তারিত আর কোনও তথ্য দেওয়া হয়নি।

বুধবার ত্রিভুবন আন্তর্জাতিক বিমানবন্দরের এক বিজ্ঞপ্তিতে বলা হয়েছে, বিমানবন্দরের নিরাপত্তা কমিটির বৈঠকের পর ফ্লাইট কার্যক্রম চালু করার সিদ্ধান্ত নেওয়া হয়েছে। গত ৯ সেপ্টেম্বর থেকে স্থগিত থাকা সব অভ্যন্তরীণ ও আন্তর্জাতিক ফ্লাইট পুনরায় চালু করার অনুমতি পাওয়া গেছে। যাত্রীদের নিজ নিজ এয়ারলাইনের সঙ্গে যোগাযোগ করে ফ্লাইটের হালনাগাদ সময়সূচি এবং টিকিট ও লাগেজ সংক্রান্ত তথ্য নিশ্চিতের পরামর্শ দেওয়া হয়েছে।

-B